



## আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

১৪ আষাঢ় ১৪২৯

তারিখ:

২৮ জুন ২০২২

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

### ঋণ/লিজ/বিনিয়োগ শ্রেণিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩৩, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত সার্কুলার লেটারের মাধ্যমে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, ঋণ/লিজ/বিনিয়োগের বিপরীতে ০১ জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর/২০২১ এর শেষ কার্যদিবস পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২৫% (পঁচিশ শতাংশ) ডিসেম্বর ২০২১ এর শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে ৩১/১২/২০২১ ভিত্তিতে সংশ্লিষ্ট ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।

৩। সম্প্রতি কোভিড-১৯ এর সংক্রমণ পুনরায় বৃদ্ধি পাওয়ায় এবং দেশের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলসহ বেশ কিছু জেলা বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ায় ৩১ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ/লিজ/বিনিয়োগ হিসাব শ্রেণিকরণ এবং আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

- (ক) ২০২২ হিসাববর্ষের প্রতি ত্রৈমাসিক সমাপনান্তে ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবসমূহের আদায়যোগ্য অর্থের ন্যূনতম ৫০% (পঞ্চাশ শতাংশ) ত্রৈমাসিকের শেষ কর্মদিবসের মধ্যে আদায় হলে উক্ত ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবসমূহ অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শন করা যাবে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ গ্রাহকের নগদ প্রবাহ নিবিড়ভাবে পর্যালোচনান্তে শুধুমাত্র প্রকৃত ক্ষতিগ্রস্তদেরকে আর্থিক প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে এ নির্দেশনার আওতায় কিস্তি বিলম্বিতকরণের সুবিধা প্রদান করবে; এবং
- (খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত বন্যা কবলিত অঞ্চলসমূহে সিএমএসএমই ও কৃষি খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে ২০২২ হিসাববর্ষের প্রতি ত্রৈমাসিক সমাপনান্তে আদায়যোগ্য অর্থের ন্যূনতম ৫০% (পঞ্চাশ শতাংশ) ত্রৈমাসিকের শেষ কর্মদিবসের মধ্যে আদায় হয়ে থাকলে উক্ত ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। তবে, গ্রাহকগণ প্রকৃতই বন্যায় ক্ষতিগ্রস্ত কি-না তা আর্থিক প্রতিষ্ঠানসমূহ স্বীয় উদ্যোগে নিশ্চিত হবে।

৪। এ সার্কুলারের আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবসমূহের উপর ১ এপ্রিল ২০২২ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত সময়ের জন্য কোনরূপ দণ্ড সুদ বা অতিরিক্ত ফি/চার্জ/কমিশন (যে নামেই অভিহিত করা হোক না কেন) আরোপ করা যাবে না।

৫। প্রতি ত্রৈমাসিকের শেষ কর্মদিবসের মধ্যে কোন ঋণ/লিজ/বিনিয়োগ গ্রহীতা এ নীতিমালা অনুযায়ী নির্ধারিত অর্থ পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবের যথানিয়মে শ্রেণিকরণ করে সিআইবি-তে রিপোর্ট করতে হবে।

৬। ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবসমূহের আরোপিত সুদ/মুনাফা প্রকৃত আদায় সাপেক্ষে আয়খাতে স্থানান্তর করা যাবে।

৭। আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)  
পরিচালক(ডিএফআইএম)  
ফোনঃ ৯৫৩০১৭৮।